

# মর্গীয়া সিং সূচরিতাসু

সমরজিৎ সিংহ

সে আমাকে নিয়ে যাবে দূরে, উজ্জ্বল জাহাজ তার

নোঙর ফেলেছে এই ঘাটে, আমাদের ঘরবাড়ি

হবে, সে আমাকে লোভনীয় রোদ দেবে, শস্যের সময়ে বৃষ্টি

তাও দেবে, মাঝে মাঝে বিরহ বিধুর রাত শরীরের থেকে দূরে গিয়ে

মাঝে মাঝে বন্যা চাই, প্ল্যাবিত হৃদয়

সে আমাকে নিয়ে যাবে দূরে, উজ্জ্বল জাহাজে চড়ে, মনে হবে

কিছু ঋণ ছিলো, জরায়ুর কোষ ভরে

কিছু পাপ, সে আমাকে নিয়ে যাবে দূরে, সে আমাকে

## বনের পাখি, খাঁচার পাখি

জহর সেন মজুমদার

আমি বললাম : আয়, তোর কপালে টিপ পরিয়ে দিই

বনের পাখি বলে, না

আমি বললাম : আয়, তোর ঠোঁটে চুমু খাবো

বনের পাখি বলে, না

আমি বললাম : এই ভারতবর্ষ তোর

বনের পাখি বলে, না

ঘরে ফিরতেই মুখোমুখি হলাম খাঁচার। এখন

প্রায়-সন্ধে। দূরে, শাদা হাসপাতালের

তিনতলার খোলা জানলায় একটি রোগিণী।

খাঁচার পাখি বলে : টিপ পরবো

আমি বলি, না

খাঁচার পাখি বলে : একটা চুমু খাব

আমি বলি, না

খাঁচার পাখি বলে : ভারতবর্ষ আমার

আমি দাঁতে দাঁত চাপি, বলি, না